

বাংলাদেশ জাতীয় জাদুঘরে সংরক্ষিত ৪০ জন প্রয়াত মাস্টার পেইন্টার ও
বরেণ্য শিল্পীদের শিল্পকর্ম প্রদর্শনী আয়োজন ২০২২

১৯ তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ ২০২২ উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর আগামী ১০ ডিসেম্বর ২০২২, শনিবার, বিকাল ৩ টায় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে জাদুঘরে সংরক্ষিত ৪০ জন প্রয়াত মাস্টার পেইন্টার ও বরেণ্য শিল্পীদের শিল্পকর্ম দিয়ে ১০ ডিসেম্বর ২০২২ থেকে ০৮ জানুয়ারি ২০২৩ পর্যন্ত একটি বিশেষ প্রদর্শনী আয়োজন করা হয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এমপি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে প্রদর্শনীর উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আবুল মনসুর। স্বাগত বক্তব্য প্রদান করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মোঃ কামরুজ্জামান। সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদের সভাপতি অধ্যাপক ড আ আ ম স আরেফিন সিদ্দিক।

উক্ত উদ্বোধনী অনুষ্ঠান ও প্রদর্শনীর সংবাদ গ্রহণের জন্য আপনার বহুল প্রচারিত সংবাদ মাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

ড. শিহাব শাহরিয়ার
কীপার, জনশিক্ষা বিভাগ
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/বার্তা পরিচালক

ঢাকা